

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-০৯/২০২১-২২/০৯৮

তারিখঃ ২৭/০৭/২০২২খ্রি.

জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
সকল জেলা, পল্লী সঞ্চয় ব্যাংক
শাখা ব্যবস্থাপক
সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক

বিষয়ঃ ব্যাংকের বিদ্যমান সেবা সহজীকরণ, সেবার মানোন্নয়ন এবং নতুন নতুন জনবান্ধব উদ্ভাবনী ধারণা প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সরকারী প্রতিষ্ঠানের সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া, নতুন নতুন জনবান্ধব সেবা উদ্ভাবন, সেবার মানোন্নয়ন এবং বিদ্যমান সেবা সহজীকরণের লক্ষ্যে সরকারের মন্ত্রী পরিষদ বিভাগের বিভিন্ন নির্দেশনা রয়েছে। পাশাপাশি অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ তার অধিনস্থ দপ্তর/সংস্থায় উক্ত নির্দেশনা পরিপালনে সচেষ্ট রয়েছে যা রাষ্ট্রায়ত্ব আর্থিক প্রতিষ্ঠান হিসেবে ব্যাংকে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। এ প্রেক্ষিতে ব্যাংকের ইনোভেশন টিমের সুপারিশ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র প্রতিষ্ঠানের বিদ্যমান সেবার মানোন্নয়ন, সেবা সহজীকরণ এবং নতুন নতুন জনবান্ধব সেবা উদ্ভাবনের লক্ষ্যে ব্যাংকের সকল স্তরের নির্বাহী/ কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে নিজস্ব উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হল।

৩। উদ্ভাবনী ধারণা প্রদানের ক্ষেত্রে অত্র প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট এমন নতুন সেবার ধারণা প্রেরণের পাশাপাশি ব্যাংকের বিদ্যমান সেবার মান কিভাবে আরো বৃদ্ধি এবং সহজীকরণ (সময়, ভিজিট ও খরচ কমানোর পাশাপাশি সেবার মান বৃদ্ধি) করা যায় সেসব ধারণাও প্রেরণ করা যাবে যা উদ্ভাবনী ধারণা হিসেবে গণ্য হবে। উদ্ভাবনী ধারণা এককভাবে অথবা একাধিক কর্মকর্তা/কর্মচারী এক সাথে সম্মিলিতভাবে প্রেরণ করতে পারবেন। উদ্ভাবনী ধারণা একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক সরবরাহকৃত উদ্ভাবন প্রকল্প ছকে প্রেরণ করতে হবে। নির্ধারিত 'ছক' (সংযুক্ত) পূরণপূর্বক স্ব স্ব শাখা ও জেলা কার্যালয়ের তথ্য একত্রিত করে জেলা কার্যালয়ের ই-মেইলের মাধ্যমে Nikosh Font- এ ওয়ার্ড ও পিডিএফ ফরমেটে আগামী ১১ আগস্ট'২০২২ তারিখের মধ্যে innovation.psb@gmail.com ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ণনামতে



(মোঃ শাহেদ আলমগীর)
ডাটাবেজ এডমিনিস্ট্রেটর
ও
ইনোভেশন অফিসার
ইনোভেশন টিম

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা
৪. সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৫. বিভাগীয় প্রধান, ইনোভেশন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৬. অফিস কপি।



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়


আইডিয়া ডিজাইন ফরম্যাট

১.	উদ্ভাবনী ধারণার শিরোনাম (অফিসের যে সেবা বা সেবাসমূহকে কেন্দ্র করে আইডিয়াটি নেয়া হয়েছে তার নাম)			
২.	ধারণার পরিচিতি			
৩.	সংক্ষেপে চিহ্নিত সেবার বিদ্যমান প্রধান সমস্যা, সমস্যার মূল কারণ এবং এর প্রভাব/ফলাফল সম্পর্কে লিখুন।			
৪.	সেবার বিদ্যমান প্রসেস/পদ্ধতি (সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়)।			
৫.	সমস্যা সমাধানে প্রদত্ত আইডিয়ার শিরোনাম (প্রদত্ত আইডিয়ার নতুন নাম)			
৬.	উদ্দেশ্য (সংক্ষেপে নতুন আইডিয়ার উদ্দেশ্য লিখুন)			
৭.	সেবা গ্রহণকারী কারা?			
৮.	ধারণাটির প্রস্তাবিত সমাধান: (শুরু হতে শেষ পর্যন্ত যা যা করা হবে, তার ধারাবাহিক সংক্ষিপ্ত বর্ণনা)			
৯.	ধারণার প্রস্তাবিত প্রসেস ম্যাপ: (গ্রাহকের নিকট সেবাটি যেভাবে পৌঁছে দেয়া হবে, তা বুলেট পয়েন্ট আকারে ধারাবাহিকভাবে লিখতে হবে)।			
১০.	উদ্যোগটির মধ্যে নতুনত্ব কী?			
১১.	উপকারীতা/সুফল			
১২.	ফলাফল (সম্ভাব্য পরিবর্তন) TCV			
		সময় (ঘন্টা) (T)	খরচ (টাকা) (C)	যাতায়াত (বার) (V)
	আইডিয়া বাস্তবায়নের পূর্বে			
	আইডিয়া বাস্তবায়নের পরে			
	পার্থক্য			
১৩.	ধারণাটি বাস্তবায়ন করার জন্য নতুন কী কী হার্ডওয়্যার/সরঞ্জামাদি/অব। কাঠামো লাগতে পারে? (প্রয়োজ্য ক্ষেত্রে)			


১৪.	উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য নতুন কী কী ব্যাকগ্রাউন্ড ওয়ার্ক করতে হবে? (সফটওয়্যার তৈরী, ডাটাবেইজ তৈরী, এসএমএস বাউন্ডল ক্রয় ইত্যাদি) (প্রয়োজ্য ক্ষেত্রে)।	
১৫.	বাস্তবায়ন ও পরিচালন ব্যয় (আইডিয়াটির সম্ভাব্য বাস্তবায়ন ও পরিচালন ব্যয়)	
১৬.	আইডিয়াটির বাস্তবায়ন সময়কাল (পাইলটিং এবং সম্পূর্ণ বাস্তবায়ন করতে কতদিন সময় লাগতে পারে। তার সম্ভাব্য শুরু এবং শেষ তারিখ)	
১৭.	সুবিধাভোগীর ব্যয়। (যদি থাকে)	
১৮.	সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)	
১৯.	সম্ভাব্য ঝুঁকি	
২০.	বিবিধ	

উদ্ভাবনী খারণা প্রদানকারী নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীর তথ্যঃ

ক্রমিক নং	নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবি ও আইডি	কর্মস্থল	মোবাইল নম্বর	ই-মেইল


 মোঃ শাহেদ আলম
 ডাটাবেজ এডমিনিস্ট্রেটর
 পল্লী সঞ্চয় ব্যাংক
 প্রধান কার্যালয়, ঢাকা।


 কাজী ইমরুল কারিম
 সহকারী সিস্টেম এনালিস্ট
 পল্লী সঞ্চয় ব্যাংক
 প্রধান কার্যালয়, ঢাকা।


 মোঃ মহিউদ্দিন নাজমুল
 সিস্টেম ইঞ্জিনিয়ার (হার্ড ও নেট)
 পল্লী সঞ্চয় ব্যাংক
 প্রধান কার্যালয়, ঢাকা।